দৈনিক খবর ৬৭

তারিখ 06. AUG 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

## শিক্ষাঙ্গনের সন্ত্রাস ও নৈরাজ্যভিত্তিক চলচ্চিত্র 'ক্যাম্পাস' তৈরী হচ্ছে

দেশের শিক্ষাঙ্গনসমূহে বিরাজমান সন্ত্রাস ও নৈরাজ্যের উপর ভিত্তি করে 'ক্যাম্পাস' নামের একটি স্বল্পদৈর্ঘ চলচ্চিত্র তৈরী হচ্ছে। এতে সন্ত্রাসী কার্যকলাপের নেপথ্যে সক্রিয় ভূমিকায় যুক্তদেরসহ ছাত্র সমাজকে বিভ্রান্ত করার কারণসমূহ তুলে ধরার প্রয়াস নেয়া হয়েছে।

চলচ্চিত্রটি পরিচালনা করছেন মামুনুর রশিদ এবং কাহিনী, সংলাপ ও চিত্রনাট্য রচনা করেছেন পরিচালক নিজেই। স্বল্পদৈর্ঘ চলচ্চিত্রটির "মহরত" সম্প্রতি নোয়াখালী পৌর হলে অনুষ্ঠিত হয়েছে। নির্ঝরের সভাপতি এডঃ মনছুরুল হক মহরত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন নোয়াখালী জেলা প্রশাসক হাছানুজ্জামান, বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট শিল্পপতি আনোয়ার মির্জা। অনুষ্ঠানটি পরিচালনা করেন নির্ঝরের সম্পাদক শাহ আলম ফারুখ। —খবর বিজ্ঞপ্তি'র।

ON AND STATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM
4. DATE
75 76 77 78 79 80